গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বন সংরক্ষকের কার্যালয়
বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল
বন ভবন, আগারগাঁও, ঢাকা।

**"বন্যপ্রাণী সংরক্ষণে জাতীয় পুরস্কার, ২০২৬"**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বন্যপ্রাণী সংরক্ষণ কার্যক্রমে নিয়োজিত ব্যক্তি বা প্রতিষ্ঠান/সংগঠন/বন অধিদপ্তরের ইউনিট/বিভাগকে জাতীয়ভাবে উৎসাহিত করা এবং ভবিষ্যত প্রজন্মকে বন্যপ্রাণী সংরক্ষণে উদ্বুদ্ধ করার লক্ষ্যে সরকার কর্তৃক "বন্যপ্রাণী সংরক্ষণে জাতীয় পুরস্কার নীতিমালা, ২০২৫ প্রবর্তন করা হয়েছে। ২০২৫ সালের জারিকৃত নীতিমালা অনুযায়ী ২০২৬ সালে নিম্নোক্ত ০৫ (পাঁচ) টি ক্যাটাগরিতে পুরস্কার প্রদান করা হবেঃ

| ক্যাটাগরি | ক্যাটাগরির নাম | বিবেচ্য বিষয়সমূহ |
|---|---|---|
| ক্যাটাগরি 'ক' | বন্যপ্রাণী সংরক্ষণ (ব্যক্তি পর্যায়) | • বন্যপ্রাণী সংরক্ষণ এবং তাহাদের আবাসস্থল সংরক্ষণে গৃহীত বিশেষ উদ্যোগ/কার্যক্রম;<br>• বিপন্ন বন্যপ্রাণী সংরক্ষণে গৃহীত উদ্যোগ এবং অন্যান্য কার্যকর এলাকা-ভিত্তিক সংরক্ষণ ব্যবস্থা বা Other Effective Area-based Conservation Measures (OECM) সহ অন্যান্য বিশেষ উদ্যোগ;<br>• বন্যপ্রাণী উদ্ধারসহ বন্যপ্রাণী সংক্রান্ত অপরাধ দমন এবং মানুষ ও বন্যপ্রাণী দ্বন্দ্ব নিরসনে গৃহীত বিশেষ উদ্যোগ;<br>• বন্যপ্রাণী সংরক্ষণ বিষয়ক জনসচেতনতা সৃষ্টিতে অবদান;<br>• আহত, আটক, শিকারকৃত ও পাচারকালে ধৃত বন্যপ্রাণী উদ্ধারে বিশেষ ভূমিকা পালন ও বন্যপ্রাণীর পরিচর্যা;<br>• বন্যপ্রাণী ও তাহাদের আবাসস্থল সংরক্ষণে সরকারি (বন অধিদপ্তর ব্যতীত), আধা-সরকারি, বেসরকারী, স্বায়ত্তশাসিত, সামরিক, ইত্যাদি ক্ষেত্রের কর্মকর্তা/কর্মচারী কর্তৃক গৃহীত উদ্যোগ/কার্যক্রম; তবে কোনো প্রজাতন্ত্রের কর্মচারী প্রাতিষ্ঠানিক উদ্যোগের জন্য ব্যক্তিগতভাবে পুরস্কার দাবি করিতে পারিবেন না;<br>• প্রকাশনাসমূহ (বন্যপ্রাণী বিষয়ক বই/গবেষণা নিবন্ধ/বৈজ্ঞানিক রিপোর্ট);<br>• এই বিষয়ে প্রাপ্ত অন্যান্য পুরস্কার/ সম্মাননা। |
| ক্যাটাগরি 'খ' | বন্যপ্রাণী সংরক্ষণ (প্রতিষ্ঠান/ সংগঠন পর্যায়) | • বন্যপ্রাণী ও তাহাদের আবাসস্থল সংরক্ষণে প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত বিশেষ উদ্যোগ এবং/অথবা অন্যান্য কার্যকর এলাকা-ভিত্তিক সংরক্ষণ ব্যবস্থা বা Other Effective Area-based Conservation Measures (OECM) সংক্রান্ত গৃহীত কার্যক্রম:<br>• বন্যপ্রাণী সংক্রান্ত অপরাধসমূহ যেমন- বিভিন্ন বন্যপ্রাণী হত্যা ও বন্যপ্রাণীর দেহের বিভিন্ন অংশের পাচার, বন্যপ্রাণী আটক ইত্যাদি ক্ষেত্রে উদ্ধার ও প্রতিরোধে বন অধিদপ্তর এবং সংশ্লিষ্ট আইন প্রয়োগকারী সংস্থাকে তথ্য প্রদানে বিশেষ অবদান;<br>• দলগত বা প্রাতিষ্ঠানিকভাবে গৃহীত উদ্যোগের মাধ্যমে পাখি কলোনী এবং/অথবা বন্যপ্রাণীর বিশেষ আবাসস্থল সংরক্ষণ, ব্যবস্থাপনা ও উন্নয়ন সাধন;<br>• মানুষ ও বন্যপ্রাণীর মধ্যকার দ্বন্দ্ব নিরসনে গৃহীত কার্যক্রম;<br>• জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন পুস্তিকা বা লিফলেট প্রকাশ ও বিতরণ, বিভিন্ন সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ ইত্যাদি;<br>• গণমাধ্যমে এ সংক্রান্ত প্রচারিত তথ্যাদি (প্রতিবেদন/রিপোর্ট);<br>• এই বিষয়ে প্রাপ্ত অন্যান্য পুরস্কার/সম্মাননা। |
| ক্যাটাগরি 'গ' | বন্যপ্রাণী বিষয়ক শিক্ষা ও গবেষণা (ব্যক্তি পর্যায়) | • বন্যপ্রাণী বিষয়ক শিক্ষা ও গবেষণায় উল্লেখযোগ্য অবদান;<br>• গবেষণার মাধ্যমে বন্যপ্রাণী সংরক্ষণে বিশেষ কৌশল ও প্রায়োগিক জ্ঞানের উদ্ভাবন এবং এই ক্ষেত্রে মাঠ পর্যায়ে গৃহীত উল্লেখযোগ্য কার্যক্রম;<br>• বিরল ও বিলুপ্তপ্রায় বন্যপ্রাণীর প্রজাতি সংরক্ষণে উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন;<br>• ব্যক্তির অধীনে সম্পন্নকৃত গবেষণা নিবন্ধের সংখ্যা (এমএসসি, এম.ফিল ও পিএইচডি) সহ স্বীকৃত জার্নালে প্রকাশিত বাস্তবধর্মী গবেষণা নিবন্ধ;<br>• প্রকাশনাসমূহ (বন্যপ্রাণী বিষয়ক বই/গবেষণা নিবন্ধ/বৈজ্ঞানিক রিপোর্ট);<br>• এই বিষয়ে প্রাপ্ত অন্যান্য পুরস্কার/ সম্মাননা। |
| ক্যাটাগরি 'ঘ' | বন্যপ্রাণী বিষয়ক শিক্ষা ও গবেষণা (প্রতিষ্ঠান পর্যায়) | • বন্যপ্রাণী বিষয়ক শিক্ষা ও গবেষণায় উল্লেখযোগ্য অবদান;<br>• গবেষণার মাধ্যমে বন্যপ্রাণী সংরক্ষণে বিশেষ কৌশল ও প্রায়োগিক জ্ঞানের উদ্ভাবন এবং এই ক্ষেত্রে মাঠ পর্যায়ে গৃহীত উল্লেখযোগ্য কার্যক্রম;<br>• বিরল ও বিলুপ্তপ্রায় বন্যপ্রাণীর প্রজাতি এবং/অথবা আবাসস্থল সংরক্ষণে উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন;<br>• বন্যপ্রাণী বিষয়ক ওয়ার্কশপ/সেমিনার/প্রশিক্ষণ আয়োজন;<br>• প্রকাশনাসমূহ (বন্যপ্রাণী বিষয়ক বই/গবেষণা নিবন্ধ/বৈজ্ঞানিক রিপোর্ট);<br>• এই বিষয়ে প্রাপ্ত অন্যান্য পুরস্কার/ সম্মাননা। |
| ক্যাটাগরি 'ঙ' | বন্যপ্রাণী সংরক্ষণ (বন | • বন্যপ্রাণী সংরক্ষণ এবং তাহাদের আবাসস্থল সংরক্ষণে গৃহীত বিশেষ উদ্যোগ/কার্যক্রম;<br>• বিপন্ন বন্যপ্রাণী সংরক্ষণে গৃহীত উদ্যোগ এবং অন্যান্য কার্যকর এলাকা-ভিত্তিক সংরক্ষণ ব্যবস্থা বা Other Effective Area-based Conservation Measures (OECM) সহ অন্যান্য বিশেষ উদ্যোগ; |

| ক্যাটাগরি | ক্যাটাগরির নাম | বিবেচ্য বিষয়সমূহ |
|---|---|---|
| | অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারী/ইউনিট/বিভাগ পর্যায়) | • বন্যপ্রাণী উদ্ধারসহ বন্যপ্রাণী সংক্রান্ত অপরাধ দমন এবং মানুষ ও বন্যপ্রাণী দ্বন্দ্ব নিরসনে গৃহীত বিশেষ এবং/অথবা সাহসী উদ্যোগ;<br>• বন্যপ্রাণী সংরক্ষণ বিষয়ক জনসচেতনতা সৃষ্টিতে অবদান;<br>• আহত, আটক, শিকারকৃত ও পাচারকালে ধৃত বন্যপ্রাণী উদ্ধারে বিশেষ ভূমিকা পালন ও বন্যপ্রাণীর পরিচর্যা;<br>• প্রকাশনাসমূহ (বন্যপ্রাণী বিষয়ক বই/গবেষণা নিবন্ধ/বৈজ্ঞানিক রিপোর্ট);<br>• এই বিষয়ে প্রাপ্ত অন্যান্য পুরস্কার/ সম্মাননা। |

**পুরস্কার:** প্রতিটি ক্যাটাগরিতে পুরস্কারপ্রাপ্ত ব্যক্তি ও প্রতিষ্ঠান/সংগঠন/ইউনিট/বিভাগকে ২২ ক্যারেটের ২ ভরি (২৩.৩২ গ্রাম) ওজনের স্বর্ণপদক ও ১,০০,০০০ (এক) লক্ষ টাকার অ্যাকাউন্ট-পেয়ী চেক এবং সনদপত্র প্রদান করা হবে।

**আবেদনপত্র দাখিল করার পদ্ধতি:**

আবেদন আহবানের পর ব্যক্তি বা প্রতিষ্ঠান/সংগঠন/বন অধিদপ্তরের ইউনিট/বিভাগকে অত্র নীতিমালায় সংযুক্ত নমুনা ফরম-ক অনুযায়ী ০২ (দুই) কপি আবেদন বিজ্ঞপ্তিতে উল্লিখিত আবেদনপত্র/মনোনয়ন প্রস্তাব জমাদানের সর্বশেষ তারিখের মধ্যে অতিরিক্ত প্রধান ওয়ার্ডেন (বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল), বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা বরাবর দাখিল করতে হবে।

আবেদনকারীকে আগামী ৩১/০১/২০২৬ খ্রি. তারিখের মধ্যে ক্যাটাগরি উল্লেখপূর্বক সংযুক্তিসহ স্বাক্ষরিত আবেদনপত্র বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, বন ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭ বরাবরে হার্ডকপি ও cf-wildlife@bforest.gov.bd এই ই-মেইলযোগে সফটকপি দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

28/12/2025

(মোঃ ছানাউল্যা পাটওয়ারী)
বন সংরক্ষক ও
অতিরিক্ত প্রধান ওয়ার্ডেন
বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, ঢাকা
*Email: cf-wildlife@bforest.gov.bd*
ফোন: ৫৫০০৭১